গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
sherpur.bogra.gov.bd

## শারদীয় দুর্গাপূজা-২০২১ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণি

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ ময়নুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার<br>শেরপুর, বগুড়া। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| তারিখ | : | ২৭ সেপ্টেম্বর ২০২১ |
| সময় | : | সকাল ১০.৩০টা |
| পরিশিষ্ট' ক | : | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |

উপস্থিত সুধিবৃন্দকে আসন্ন শারদীয় দুর্গাপূজার শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর তিনি গত বছরের শারদীয় দুর্গাপূজা উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। সভাপতি সূচনা বক্তব্যে বলেন যে, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ এবং কোভিড-১৯ পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগ ও স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে জারীকৃত সর্বশেষ নির্দেশনা এবং ধর্ম মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে এবারও স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শারদীয় দুর্গাপূজা উদযাপন করতে হবে। তিনি বলেন শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্য ইতোমধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে মন্ডপ প্রতি বরাদ্দ প্রদান করা হয়েছে। আসন্ন শারদীয় দুর্গাপূজা শেরপুর উপজেলায় নির্বিঘ্ন, শান্তিপূর্ণ ও ভাবগম্ভীর পরিবেশে অনুষ্ঠানের নিমিত্ত সকলের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদানের জন্য সভাপতি উপস্থিত সুধিজনদের মতামত আহবান করেন।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | আইন-শৃঙ্খলা সংক্রান্ত | ১. আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপনকালে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. প্রতিটি পূজামন্ডপে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্সসহ আনসার সদস্য নিয়োগ করতে হবে।<br>৩. আসন্ন শারদীয় দূর্গাপূজা যথাযথ মর্যাদায় ও শান্তিপূর্ণ পরিবেশে পালনের জন্য গ্রাম-পুলিশদেরকে সক্রিয় রাখতে হবে।<br>৪. প্রতিমা তৈরীকালিন কিংবা পূজা চলাকালিন পূজামন্ডপে দুষ্কৃতিকারীরা যাতে প্রতিমার ক্ষতি সাধন করতে না পারে সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে এবং কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটলে দ্রুত স্থানীয় আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করতে হবে।<br>৫. গুরুত্বপূণ পূজামন্ডপে সিসি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা করতে হবে<br>৬. পূজা চলাকালীন মন্ডপগুলোতে শুধু ভক্তিমূলক সঙ্গীত পরিবেশন করতে হবে এবং পূজামন্ডপে অতিরিক্ত সময় অবস্থান করা যাবে না।<br>৭. বড়বড় পূজামন্ডপে তুলনামূলক ভীড় বেশি হওয়ায় মহিলা দর্শনার্থীদের হ্যান্ড ব্যাগ বহনে নিরুৎসাহিত করতে হবে<br>৮. ব্যক্তি ও পরিবারকেন্দ্রিক পূজামন্ডপসমূহের তালিকা সংশ্লিষ্ট পক্ষ থেকে পুলিশ বাহিনীকে সরবরাহ করতে হবে।<br>৯. ইভটিজিং, মাদক সেবন, ছিনতাই ইত্যাদি রোধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>১০. কোভিড-১৯ পরিস্থিতে পূজা উপলক্ষ্যে কোন প্রকার মেলা আয়োজন করা যাবে না।<br>১১. মন্ডপগুলোতে জরুরী মোবাইল নম্বরসমূহের তালিকা প্রদর্শন করতে হবে।<br>১২. মন্ডপগুলোতে আগত পুরুষ ও মহিলাদের সুশৃঙ্খলভাবে প্রবেশ ও বাহির হওয়ার জন্য পৃথক যাতায়াত ব্যবস্থা করতে হবে এবং স্যানিটাইজার অথবা সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে।<br>১৩. পূজামন্ডপে আগত দর্শনার্থীদের জীবানুমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা রাখাতে হবে, দর্শনার্থী ভক্ত ও পুরোহিতসহ সকলকে বাধ্যতামূলক মাস্ক পরিধান করতে হবে এবং ন্যূনতম ০৩ ফুট শারীরিক দুরত্ব বজায় রাখতে হবে।<br>১৪. স্থানীয় প্রশাসন,আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী,স্থানীয় জনপ্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে মন্ডপকেন্দ্রিক আইন-শৃঙ্খলা রক্ষা কমিটি গঠন করতে হবে এবং যেকোন প্রয়োজনে মন্দির/মন্ডপ কেন্দ্রিক ফোকাল পয়েন্ট সদস্যের নাম, মোবাইল নম্বর স্থানীয় প্রশাসনের নিকট সরবরাহ নিশ্চিত করতে হবে। | ১. অফিসার ইনচার্জ<br>২. উপঃ আনঃ ভিডিপি অফিঃ<br>৩. সকল চেয়ারম্যান ইউপি<br>৪. সভাপতি, সকল পুজামন্ডপ |

চলমান পাতা-০২

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০২ | যানযট | ১. যানজট নিরসনে ট্রাফিক নিয়ন্ত্রণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভক্তদের সমাগম বেশি হয় এমন মন্ডপসমূহে অতিরিক্ত পুলিশ ফোর্স মোতায়েন করতে হবে।<br>২. মন্ডপগুলোতে আগত পুরুষ ও মহিলাদের সুশৃঙ্খলভাবে প্রবেশ ও বাহির হওয়ার জন্য পৃথক যাতায়াত ব্যবস্থা করতে হবে। | ১. মেয়র, শেরপুর পৌরসভা<br>২. অফিসার ইনচার্জ<br>৩. উঃ আনসার-ভিডিপি কর্মঃ<br>৪. সকল ইউপি চেয়ারম্যান<br>৪. সভাপতি, স্ব স্ব পুজা উদযাপন কমিট |
| ০৩ | বিদ্যুৎ সরবরাহ | ১. পূজাচলাকালীন নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।<br>২. পূজা কমিটিসমুহকে স্ব-স্ব পূজামন্ডপে নিজ নিজ উদ্যোগে আলোর বিকল্প ব্যবস্থা হিসেবে জেনারেটর/চার্জার লাইটের ব্যবস্থা রাখতে হবে।<br>৩. প্রতিটি উপজেলার এলাকাভিত্তিক পূজামন্ডপের তালিকা বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে প্রদান করতে হবে।<br>৪. সন্ধ্যা ০৬.৩০টা হতে রাত ১১.০০টা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>৫. পূজা মন্ডপসমূহকে অবৈধ বিদ্যুৎ সংযোগ নেয়া থেকে বিরত থাকতে হবে।<br>৬. পূজামন্ডপসমূহ ও তৎসংলগ্ন আশেপাশের স্থানগুলোতে যেন ত্রুটিপূর্ণ সংযোগ না থাকে বা শর্টসার্কিট এর কারণে কোনা প্রকার অগ্নিকান্ড ঘটতে না পারে সে বিষয়ে অগ্রিম ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ বিক্রয় ও বিতরণ বিভাগ<br>২. জিএম, বগুড়া পবিস, শেরপুর, বগুড়া |
| ০৪ | ধর্মীয় সম্প্রীতি | ১. আযান ও নামাজের সময় যাতে পূজামন্ডপে মাইক, ঢাক-ঢোল ইত্যাদি বাজানো না হয় সে ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br>২. যেসব ক্ষেত্রে খোলা জায়গায় অস্থায়ী প্যান্ডেলে দুর্গাপূজা করা হবে সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়োজকদের সরকারি স্বাস্থ্যবিধি প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>৩. রাত ১০.০০টার পর সাউন্ড সিস্টেম বন্ধ রাখতে হবে। | সভাপতি/সাধারণ সম্পাদক, স্ব স্ব পূজা উদযাপন কমিট |
| ০৫ | তদারকি কর্মকর্তা নিয়োগ | আইন-শৃংখলা নিয়ন্ত্রণে তদারকি কর্মকর্তা নিয়োগ করতে হবে। | যথাযথ কর্তৃপক্ষ |
| ০৬ | স্বেচ্ছাসেবক দল নিয়োগ | প্রতিটি পূজামন্ডপে শৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবক নিয়োগ করতে হবে। নিয়োগকৃত স্বেচ্ছাসেবকদের বাধ্যতামূলক পরিচয়পত্রের ব্যবস্থা করতে হবে। | ১. অফিসার ইনচার্জ<br>২. সকল চেয়ারম্যান ইউপি<br>৩.সভাপতি/সাধারণ সম্পাদক, সকল পুজামন্ডপ |
| ০৭ | ভিজিলেন্স টিম গঠন | উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় সংখ্যক ভিজিলেন্স টিম গঠন করতে হবে। | |
| ০৮ | ঘাট নির্দিষ্টকরণ, পরিস্কারকরণ ও প্রতিমা বিসর্জন | ১. প্রতিমা বিসর্জন স্থান রক্ষণাবেক্ষণ ও পরিস্কার পরিচ্ছন্নতার ব্যবস্থা করতে হবে এবং ভীড় এড়ানের লক্ষে পৌর এলাকায় প্রতিমা বিসর্জনের ঘাট সুনির্দিষ্ট করতে হবে<br>২. আগামি ১৫ অক্টোবর ২০২১ তারিখ ০৬.০০টার পূর্বেই প্রতিমা বিসর্জন নিশ্চিত করতে হবে।<br>৩. প্রতিমা বিসর্জন স্থলে ট্রাফিক নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. প্রতিমা বিসর্জন স্থলে একটি মেডিকেল টিম প্রস্তুত রাখতে হবে।<br>৫. প্রতিমা বিসর্জন স্থলে পর্যাপ্ত লাইটিং এর ব্যবস্থা করতে হবে এবং পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।<br>৬. বিজয়া দশমীতে প্রতিমা বিসর্জনের সময় শোভাযাত্রার আয়োজন না করা অধিক সংখ্যক লোক সমাগম না করা, স্থানীয়ভাবে পূজামন্ডপের পাশে উপযুক্ত স্থানে প্রতিমা বিসর্জনের আয়োজন করা এবং বিসর্জন স্থলে পর্যাপ্ত আলোর (জেনারেটর/হেজাক চার্জার) ব্যবস্থা করাসহ ও অগ্নিনির্বাপক ব্যবস্থা রাখতে হবে। | ১. মেয়র, শেরপুর পৌরসভা<br>২. অফিসার ইনচার্জ<br>৩. উঃ আনসার-ভিডিপি কর্মঃ<br>৪. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স<br>৫. সভাপতি, স্ব স্ব পুজা উদযাপন কমিট |
| ০৯ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ | ১. পূজা উদযাপনের অজুহাতে যাতে কেউ মাদকদ্রব্য সংক্রান্ত কোন অপরাধ করতে না পারে তা নিশ্চিত করতে হবে।<br>২. শারদীয় দুর্গাপূজায় ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত সকল প্রকার লাইসেন্সপ্রাপ্ত মদের দোকান বন্ধ রাখাতে হবে। | ১. মেয়র, শেরপুর পৌরসভা<br>২. অফিসার ইনচার্জ<br>৩. সকল ইউপি চেয়ারম্যান<br>৪. সভাপতি, স্ব স্ব পুজা উদযাপন কমিট |

চলমান পাতা-০৩

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১০ | বিষ্ফোরক দ্রব্য | পূজামন্ডপ এলাকায় যাতে কোন প্রকার পটকা, আতশবাজি বা বিষ্ফোরক দ্রব্যের ব্যবহার না হয় সে দিকে সর্বদা সজাগ দৃষ্টি রাখতে হবে। | ১. মেয়র, শেরপুর পৌরসভা<br>২. অফিসার ইনচার্জ<br>৩. সভাপতি, স্ব স্ব পুজা উদযাপন কমিট |
| ১১ | কন্ট্রোল রুম খোলা রাখা | আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কন্ট্রোলরুম খোলা হবে। কন্ট্রোল রুমের টেলিফোন নম্বর: ০৫০২৯-৭৭১০১ এবং মোবাইল নম্বর: ০১৭৩৩-৭৬৬০৯৭ | পিআইও, শেরপুর, বগুড়া |
| ১২ | অন্যান্য সিদ্ধান্ত | ০১. বিদেশী নাগরিকগণ পূজামন্ডপ দর্শনে আসলে পূর্ব হতে শেরপুর থানাকে অবহিত করতে হবে এবং তাদের বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০২. প্রতিটি পূজামন্ডপে অগ্নিনির্বাপক যন্ত্র সংরক্ষণ করতে হবে।<br>০৩. প্রতিমা বিসর্জনসহ অন্যান্য কার্যক্রম স্থানীয়ভাবে পালন করতে হবে।<br>০৪. পূজামন্ডপসমূহে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০৫. কোন পূজামন্ডপ ঝুকিপূর্ণ মনে হলে স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে।<br>০৬. পূজাকে কেন্দ্র করে জুয়া/মাদক সেবন/ক্রয়-বিক্রয় করা যাবেনা।<br>০৭. মোটর সাইকেল ০২জনের বেশি যাত্রি বহন করা যাবে না।<br>০৮. সার্বিক নিরাপত্তার স্বার্থে ১১ অক্টোবর ২০২১ হতে প্রত্যেক মন্ডবে রাত্রি ১২.০০টার পর স্থানীয় স্বেচ্ছাসেবক নিয়োগ নিশ্চিত করতে হবে<br>০৯. প্রতিমার পেছনের সাইডে পাতলা কাপড়ের পরিবর্তে মজবুত ব্যবস্থা করতে হবে<br>১০. পবিত্রতা রক্ষার্থে মন্ডপসমূহে অশ্লিলতা পরিহার করতে হবে | ১. মেয়র, শেরপুর পৌরসভা<br>২. অফিসার ইনচার্জ<br>৩. পিআইও, শেরপুর, বগুড়া<br>৪. উঃ আনসার-ভিডিপি কর্মঃ<br>৫. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স<br>৬. সকল ইউপি চেয়ারম্যান<br>৭. সভাপতি, স্ব স্ব পুজা উদযাপন কমিট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে শারদীয় শুভেচ্ছা এবং আসন্ন শারদীয় দুর্গাপূর্জা যাতে শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয় সে ব্যাপারে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৯/২১

মোঃ ময়নুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর, বগুড়া
টেলিফোন : ০৫০২৯-৭৭১০১

স্মারক নং-০৫.৫০.১০৮ ৮.০০০.১৬.০০৭.২১.১০৮১

তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০২১

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

০১। মাননীয় সংসদ সদস্য, ৪০-বগুড়া-৫
০২। জেলা প্রশাসক, বগুড়া
০৩। পুলিশ সুপার, বগুড়া
০৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান, শেরপুর, বগুড়া
০৫। মেয়র, শেরপুর পৌরসভা, বগুড়া
০৬। অফিসার ইনচার্জ, শেরপুর থানা, বগুড়া
০৭। চেয়ারম্যান ..................(সকল) ইউপি, শেরপুর, বগুড়া
০৮। সভাপতি/সম্পাদক, উপজেলা পুজা উদযাপন কমিটি, শেরপুর, বগুড়া
০৯। সভাপতি/সাধারণ সম্পাদক ...................... পুজামন্ডপ পরিচালনা কমিটি (সকল), শেরপুর, বগুড়া
১০। জনাব ............................................. শেরপুর, বগুড়া

২৭/০৯/২১

মোঃ ময়নুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর, বগুড়া